গ্রেড A ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

রয়েল সিমেন্ট
ফাটল ও নোনা রোধী
যোগাযোগ : কবির মঞ্জিল, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম। ০১৭০৮-১৩৪৭৯৮

সোমবার | ৩১ অক্টোবর ২০২২ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬৩তম বর্ষ ৫৬ সংখ্যা | ১৫ কার্তিক ১৪২৯ সাল | ৪ রবিউস সানি ১৪৪৪ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা



*আইআইইউসি -এর ২৫ বছর পূর্তি উৎসব উদ্বোধন করছেন বোর্ড অব ট্রাস্ট্রিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপিসহ অতিথিবৃন্দ*

### আইআইইউসি'র ২৫ বছর পূর্তি উৎসব

# আগামীর বিশ্বকে নেতৃত্ব দেওয়ার প্রত্যয়

সীতাকুণ্ড প্রতিনিধি

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) ২৫ বছর পূর্তি উৎসব এবং বোর্ড অব ট্রাস্টিজের ১১তম সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সকালে আইআইইউসি'র সেন্ট্রাল অডিটরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে বিশ্বের বিভিন্ন দেশের মন্ত্রী, কূটনীতিক, উচ্চপদস্থ সরকারি কর্মকর্তা, স্কলার, গবেষক, উন্নয়ন ও দাতা সংস্থার প্রধান এবং দেশের সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের উচ্চপদস্থ ব্যক্তিবর্গ যোগদান করেন।

অনুষ্ঠানের শুরুতে আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি সবাইকে স্বাগত জানিয়ে বলেন, আইআইইউইসি বাংলাদেশের অন্যতম সেরা বেসরকারি বিশ্ববিদ্যালয়। বিশ্ব র‍্যাংকিংয়েও এই বিশ্ববিদ্যালয় সামনের দিকে এগিয়েছে। এখানকার শিক্ষকদের গবেষণাপত্র বিশ্বখ্যাত জার্নালগুলোতে নিয়মিত স্থান পাচ্ছে। তিনি আরও বলেন, চট্টগ্রামকে বলা হয় ইসলামের প্রবেশদ্বার। এদেশে ইসলামের আগমন ঘটেছে আরবদের মাধ্যমে। চট্টগ্রামে একটি ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার স্বপ্ন ছিল দীর্ঘদিনের। আল্লাহর ইচ্ছায় আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম প্রতিষ্ঠার মাধ্যমে আমাদের সেই স্বপ্ন পূরণ হয়েছে। সরকারি অনুমোদন নিয়ে ১৯৯৫ সালে এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। প্রথমে মাত্র *৫ম পৃষ্ঠার ৪র্থ কলাম*

## আগামীর বিশ্বকে নেতৃত্ব

*৮ম পৃষ্ঠার পর*

৩টি বিভাগ নিয়ে একাডেমিক কার্যক্রম শুরু হলেও মহান আল্লাহর অনুগ্রহে এটি এখন দেশের প্রথম সারির বৃহত্তম বেসরকারি বিশ্ববিদ্যালয়। এখানে দেশি-বিদেশি শিক্ষার্থী, শিক্ষকরা সকল মহলে গ্রহণযোগ্যতা পেয়েছে। বিশেষ করে মুসলিম সংখ্যালঘুসহ প্রতিবেশী দেশগুলো থেকে ছাত্র-ছাত্রীরা এখানে পড়তে আসে। বর্তমানে এখানে শরিয়াহ ও আধুনিক বিজ্ঞান অনুষদসহ ৬টি অনুষদের অধীনে ১৪টি বিভাগে রয়েছে। ১৭ হাজারের অধিক শিক্ষার্থী দুটি পৃথক ক্যাম্পাসে অধ্যয়ন করা এই বিশ্ববিদ্যালয়ে ৫০০ জনেরও বেশি শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী রয়েছেন। সবাইকে নিয়ে জ্ঞান-বিজ্ঞান চর্চায় আগামীর বিশ্বকে নেতৃত্ব দেয়ার প্রত্যয় আমাদের।

অনুষ্ঠানে বক্তব্য দিতে গিয়ে বোর্ড অব ট্রাস্টিজের জেনারেল এসেম্বিলির সভাপতি প্রফেসর ড. আব্দুল্লাহ আব্দুল আজিজ আল-মুসলিহ বলেন, আল্লাহ তায়ালা এই বিশ্ববিদ্যালয়কে কবুল করুন। এই বিশ্ববিদ্যালয়কে সামনে এগিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট সবাইকে উত্তম প্রতিদান দিন। আলজেরিয়ার ডেপুটি স্পিকার ইউসুফ আজিচ্ছা বলেন, বিশ্ববিদ্যালয়ের ২৫তম পূর্তি উৎসব পালন করতে পারা সত্যিকার অর্থে একটি আনন্দের বিষয়। আমি সুদূর আলজেরিয়া থেকে এসে এই আনন্দে শরিক হতে পেরে নিজেকে গর্বিত মনে করছি। আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ইসলামিক স্কলার শায়খ আকরাম নদভী বলেন, উস্তাদ আবু রেজা নদভী আবুল হাসান আলী আন নদভীর খুব কাছের ছাত্র ছিলেন। এই বিশ্ববিদ্যালয় তাঁর নেতৃত্বে এগিয়ে যাবে।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন, কসোভোর রাষ্ট্রদূত প্রফেসর ড. বকর ইসমাঈল, আইআইইউসির সাবেক ছাত্র সোমালিয়ার শিক্ষা উপমন্ত্রী আব্দে ফাতেহ ইশক মুহাম্মদ, ইন্টারন্যাশনাল ইসলামিক চ্যারিটেবল অর্গানাইজেশনের ডিরেক্টর জেনারেল ইঞ্জিনিয়ার বাদের সৌদ আস সুমাইত, মিশরের সাবেক শিক্ষামন্ত্রী ড. সামী মোহাম্মদ আল শরীফ, কিং আব্দুল আজিজ ইউনিভার্সিটির গ্রাজুয়েট স্টাডিজের ডিন প্রফেসর সউদ সুলামী এবং অন্যান্য নেতৃবৃন্দ।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মালদ্বীপের শিক্ষামন্ত্রী ড. আব্দুল্লাহ রাশেদ আহমেদ, কুয়েতের ইন্টারন্যাশনাল ইসলামিক চ্যারিটেবল অর্গানাইজেশন (আইআইসিও) ডিরেক্টর জেনারেল ইঞ্জিনিয়ার বদর সৌদ আল সুমাইত, মিশরের রিলিজিয়াস অ্যাফেয়ার্স নূর আল দীন মুহাম্মদ আব্দুল ওয়ারিস, সৌদি আরবের সাবেক প্রতিমন্ত্রী ড. আহমেদ আব্দুল্লাহ সুরুর আল সাব্বান, সৌদি আরবের এডুকেশন বিভাগের ডিরেক্টর ড. আব্দুল আজিজ আল ফালেহ, সৌদি আরবের উম্মুল কুরা ইউনিভার্সিটির সাবেক অধ্যাপক প্রফেসর ড. আহমেদ আল বান্নানি, তুরস্কের এডুরেস একাডেমির চেয়ারম্যান প্রফেসর ড. ইয়াকুব সিভিলেক, নেপালের সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী মি. রেজওয়ান আনসারী।

অনুষ্ঠানে আন্তর্জাতিক প্রতিযোগিতায় নানা সময় বিজয়ী ক্বারী হাফেজ নাজমুস সাকিব, হাফেজ যাকারিয়া, হাফেজ সালেহ আহমাদ তাকরিমকে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে বিশেষ সম্মাননা ক্রেস্ট ও নগদ পুরস্কার তুলে দেওয়া হয়। তারা প্রত্যেকে কুরআন তেলাওয়াত করে আগত মেহমানদের মুগ্ধ করেন।

Ref: Dainik Azadi, Date: 30 October 2022, Page: 8, Col: 1
https://edainikazadi.net/index.php?page=1&date=2022-10-30




*আইআইইউসির বোর্ড অব ট্রাস্টিজের ১১তম দ্বিবার্ষিক সাধারণ সভায় বক্তব্য রাখছেন প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি*

# আইআইইউসির বোর্ড অব ট্রাস্টিজের ১১তম দ্বিবার্ষিক সাধারণ সভা

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর বোর্ড অব ট্রাস্টিজের ১১তম দ্বিবার্ষিক সাধারণ সভা সম্পন্ন হয়েছে। গত শনিবার হোটেল রেডিসন ব্লুতে সাধারণ সভার প্রথম অধিবেশন ও গতকাল রোববার গলফ ক্লাবে সাধারণ সভার সমাপনী অধিবেশন সম্পন্ন হয়। এতে সভাপতিত্ব করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ইসলামিক স্কলার ও বোর্ড অব ট্রাস্টিজের জেনারেল এসেম্বলির প্রেডিসডেন্ট প্রফেসর ড. আব্দুল্লাহ আব্দুল আজিজ আল-মুসলিহ, জেনারেল সেক্রেটারি, ইসলামিক কাউন্সিল ফর দাওয়াহ অ্যান্ড রিলিফ, কায়রো, মিশর।

উপস্থিত ছিলেন বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি, ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দীন মুহাম্মদ ও অন্যান্য সদস্যবৃন্দ, ভিসি প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, প্রোভিসি প্রফেসর ড. মাসরুরুল মওলা, ট্রেজারার প্রফেসর ড. হুমায়ুন কবীর, কন্ট্রোলার অব এক্সাম প্রফেসর ড. গিয়াস উদ্দিন হাফিজ, রেজিস্ট্রার এ.এফ.এম আখতারুজ্জামানসহ বিদেশী সদস্যবৃন্দ।

বিদেশী সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন ইউসুফ আজিচ্ছা, ডিপুটি স্পিকার, আলজেরিয়া; ডিপুটি এডুকেশন মিনিস্টার ইঞ্জিনিয়ার আব্দি ফাতাহ ইসাক মোহাম্মদ, সোমালিয়া; ড. আব্দুল্লাহ রাশেদ আহমেদ, শিক্ষামন্ত্রী, মালদ্বীপ; ইনিঞ্জনিয়ার বদর সৌদ আল সুমাইত, ডিরেক্টার জেনারেল ইন্টারন্যাশনাল ইসলামিক চ্যারিটেবল অর্গানাইজেশন (আইআইসিও), কুয়েত; নুর আল দীন মুহাম্মদ আব্দুল ওয়ারিস, প্রতিনিধি, রিলিজিয়াস অ্যাফেয়ার্স, মিশর; বিখ্যাত ইসলামিক স্কলার প্রফেসর ড. আকরাম নদভী, ড. আহমেদ আব্দুল্লাহ সুরুর আল সাব্বান, সাবেক প্রতিমন্ত্রী ইসলামিক অ্যাফেয়ার্স, সৌদি আরব; ড. আব্দুল আজিজ আল ফালেহ, ডিরেক্টর, এডুকেশন বিভাগ, ওয়ামী, সৌদি আরব; প্রফেসর ড. সামী মুহাম্মদ আস শরীফ, সাবেক মন্ত্রী, মিশর; প্রফেসর ড. আহমেদ আল বান্নানি, সাবেক অধ্যাপক, উম্মুল কুরা ইউনিভার্সিটি, সৌদি আরব; প্রফেসর ড. ইয়াকুব সিভিলেক, চেয়ারম্যান, এডুরেস একাডেমি, তুরস্ক; মি. রেজওয়ান আনসারী, সাবেক পররাষ্ট্রমন্ত্রী, নেপাল।

সভায় বিশ্ববিদ্যালয়ের বার্ষিক আয়-ব্যয়ের অডিট রিপোর্ট, বিগত দিনের অর্জন, ভবিষৎ পরিকল্পনাসমূহ পেশ করা হয়। সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দ আইআইইউসির বিগত দিনের অর্জনে সন্তোষ প্রকাশ করেন। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Dainik Azadi, Date: 30 October 2022, Page: 3, Col: 1
https://edainikazadi.net/index.php?page=1&date=2022-10-31

১০ বছরে
দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

রবিবার
চট্টগ্রাম
৩০ অক্টোবর ২০২২
১৪ কার্তিক ১৪২৯
৩ রবিউস সানি ১৪৪৪
বর্ষ-১০, সংখ্যা-৩০৭

প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
www.dailypurbodesh.com
৮ পৃষ্ঠা | ৭ টাকা

পার্কভিউ হসপিটাল লিমিটেড
৯৪/১০৩, কাতালগঞ্জ রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম
24/7 চালু টেলিফোন ও মোবাইল নাম্বার সমূহ
টিএনটি ফোন নাম্বার
02-334455071-6
02-334451901-6
মোবাইল নাম্বার
01976-022111
01976-022333
info@phictg.com /parkviewhospitalctg parkview.com.bd

শুভ সকাল
সেন্টমার্টিনের উন্নয়নে নানামুখী পরিকল্পনা গ্রহণ করছে সরকার

দশ কথার এক কথা
দুবাই থেকে আসা টাকায় চাঙা বিএনপি: কাদের

চট্টগ্রামে শনাক্ত ১,২৯,৪৫৭ মৃত্যু ১,৩৬৭

শেষ পাতায়
আরও এক বছর চিনি রপ্তানি বন্ধ রাখবে ভারত




আইআইইউসি'র ২৫ বছর পূর্তি উৎসব উদ্বোধন করেন প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপিসহ অতিথিবৃন্দ

# আইআইইউসি'র ২৫ বছর পূর্তি উৎসবে বর্ণিল ক্যাম্পাস

## আগামীর বিশ্বকে নেতৃত্ব দেওয়ার প্রত্যয়

সীতাকুণ্ড প্রতিনিধি

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম'র (আইআইইউসি) ২৫ বছর পূর্তি উৎসব এবং বোর্ড অব ট্রাস্টিজের ১১তম সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সকালে আইআইইউসি'র সেন্ট্রাল অডিটোরিয়ামে এ আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিশ্বের বিভিন্ন দেশের মন্ত্রী, কূটনীতিক, উচ্চপদস্থ সরকারি কর্মকর্তা, স্বনামধন্য স্কলার, গবেষক, উন্নয়ন ও দাতা সংস্থার প্রধান, দেশের সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের উচ্চপদস্থ ব্যক্তি ও রাজনৈতিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

আন্তর্জাতিক ব্যক্তিত্বদের মধ্যে উপস্থিত ছিলেন আইআইইউসি'র জেনারেল অ্যাসেম্বেলির সভাপতি ও মিশরের ইসলামিক কাউন্সিল ফর দাওয়াহ অ্যান্ড রিলিফের জেনারেল সেক্রেটারি প্রফেসর ড. আব্দুল্লাহ আব্দুল আজিজ আল-মুসলিহ্, আলজেরিয়ার ডিপুটি স্পিকার মহামান্য ইউসুফ আজিচ্ছা, সোমালিয়ার ডেপুটি এডুকেশন মিনিস্টার ● পৃষ্ঠা ৫, কলাম ৪.

গ্রেড A ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

চট্টগ্রাম রবিবার ৩০ অক্টোবর ২০২২

# দৈনিক পূর্বকোণ

মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯।। ৩৭তম বর্ষ ২৪৮তম সংখ্যা।। ১৪ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ।। ৩ রবিউসসানি ১৪৪৪ হিজরি।। Sunday 30 October 2022।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

cleanzy
Formulations Ltd.
ক্লিনজি গ্লাস ক্লিনার
Now Available @ daraz
Hotline : +8801962555444
www.cleanzybd.com




আইআইইউসি'র সেন্ট্রাল অডিটরিয়ামে ২৫ বছর পূর্তির উৎসবে বক্তব্য রাখছেন বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি

### ২৫ বছর পূর্তি উৎসবে বক্তারা

## বিশ্ব র‍্যাংকিংয়ে এগিয়ে গেছে আইআইইউসি

নিজস্ব প্রতিবেদক ■

'বিশ্ব র‍্যাংকিংয়ে এগিয়ে গেছে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি)। বর্তমানে আইআইইউসি দেশের অন্যতম সেরা বেসরকারি বিশ্ববিদ্যালয়। এখানকার শিক্ষকদের গবেষণাপত্র বিশ্বখ্যাত জার্নালগুলোতে স্থান পাচ্ছে।' আইআইইউসি'র ২৫ বছর পূর্তি উৎসবে বক্তারা এসব কথা বলেন। গতকাল শনিবার সকালে আইআইইউসি'র সেন্ট্রাল অডিটরিয়ামে ২৫ বছর পূর্তির আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিশ্বের বিভিন্ন দেশের মন্ত্রী, কূটনীতিক, উচ্চপদস্থ সরকারি কর্মকর্তা, স্বনামধন্য স্কলার, গবেষক, উন্নয়ন ও দাতা সংস্থার প্রধান, সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের উচ্চপদস্থ ব্যক্তিবর্গ, রাজনৈতিক-সামাজিক নেতৃবৃন্দ যোগদান করেন। অনুষ্ঠানের শুরুতে আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি স্বাগত জানিয়ে বলেন, আইআইইউইসির ইতিহাসে অন্যতম সেরা আয়োজন হচ্ছে ২৫ বছর পূর্তি উৎসব। আইআইই-উইসি বাংলাদেশের অন্যতম সেরা বেসরকারি বিশ্ববিদ্যালয়। বিশ্ব র‍্যাংকিংয়েও এই বিশ্ববিদ্যালয় সামনের দিকে এগিয়েছে। এখানকার শিক্ষকদের গবেষণাপত্র বিশ্বখ্যাত জার্নালগুলোতে স্থান পাচ্ছে

● ৬ষ্ঠ পৃষ্ঠার ১ম ক.

# বিশ্ব র‍্যাংকিংয়ে এগিয়ে গেছে আইআইইউসি

● ৮ম পৃষ্ঠার পর

বলে জানিয়েছেন তিনি। তিনি আরও বলেন, চট্টগ্রামকে বলা হয় ইসলামের প্রবেশদ্বার। চট্টগ্রামে একটি ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার স্বপ্ন ছিল দীর্ঘ দিনের। আল্লাহর ইচ্ছায় আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম প্রতিষ্ঠার মাধ্যমে আমাদের সেই স্বপ্ন পূরণ হয়েছে। সরকারি অনুমোদন নিয়ে ১৯৯৫ সালে ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম প্রতিষ্ঠিত হয়। প্রথমে মাত্র ৩টি বিভাগ নিয়ে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম শুরু হলেও এটি এখন দেশের প্রথম সারির বৃহত্তম বেসরকারি বিশ্ববিদ্যালয়। বিশেষ করে মুসলিম সংখ্যালঘুসহ প্রতিবেশী দেশগুলি থেকে ছাত্র-ছাত্রীরা এখানে পড়তে আসে। অনুষ্ঠানে সৌদি আরব, কুয়েত, কাতার, ওমান, তুরস্ক, মিশর, ভারত, যুক্তরাজ্য, আমেরিকা, ফ্রান্সসহ বিভিন্ন দেশের প্রায় ৫০ জন সচিব, মন্ত্রী, উপমন্ত্রী, স্পিকার, সরকারি-বেসরকারি উচ্চ পদস্থ কর্মকর্তা যোগদান করেন। আইআইইউসি'র পূর্তি উৎসব মোট দুই দিনে সম্পন্ন হচ্ছে। প্রথম দিন সকাল নয়টা থেকে দুপুর দুইটা পর্যন্ত পূর্তি উৎসব অনুষ্ঠিত হয়েছে। একই দিন সন্ধ্যা ৭টায় আইআইইউসির বোর্ড অব ট্রাস্টিজের ১১তম সাধারণ সভার প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয় হোটেল রেডিসন ব্লু-তে। এতে সভাপতিত্ব করেন বোর্ড অব ট্রাস্টিজের জেনারেল এসেম্বিলির সভাপতি ও মিশরের ইসলামিক কাউন্সিল ফর দাওয়াহ এন্ড রিলিফ প্রফেসর ড. আব্দুল্লাহ আব্দুল আজিজ আল-মুসলিহ্। আজ রবিবার গলফ ক্লাবে সাধারণ সভার দ্বিতীয় অধিবেশন অনুষ্ঠিত হবে।

বোর্ড অব ট্রাস্টিজের জেনারেল এসেম্বিলির সভাপতি প্রফেসর ড. আব্দুল্লাহ আব্দুল আজিজ আল-মুসলিহ্ বলেন, বিশ্ববিদ্যালয়ের সূচনা লগ্ন থেকে কাজ করে যাচ্ছি। গত ২৫ বছর ধরে শিক্ষার আলো ছড়িয়ে যাচ্ছে প্রতিষ্ঠানটি। এই বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নেওয়ার জন্য বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নদভী এমপিসহ যারা কাজ করছেন আল্লাহ তায়ালা সবাইকে উত্তম প্রতিদান দিক। অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, ইসলামিক স্কলার শায়খ আকরাম নদভী, কসোভোর রাষ্ট্রদূত প্রফেসর ড. বকর ইসমাঈল, আইআইইউসি'র সাবেক ছাত্র সোমালিয়ার শিক্ষা উপমন্ত্রী আব্দে ফাতেহ ইশক মুহাম্মদ, ইন্টারন্যাশনাল ইসলামিক চ্যারিটেবল অর্গানাইজেশনের ডিরেক্টর জেনারেল ইঞ্জিনিয়ার বাদের সৌদ আস সুমাইত, মিশরের সাবেক শিক্ষামন্ত্রী ড. সামী মোহাম্মদ আল শরীফ, কিং আব্দুল আজিজ ইউনিভার্সিটির গ্রাজুয়েট স্ট্যাডিজের ডিন প্রফেসর সউদ সুলামী প্রমুখ।

আইআইইউসি'র ২৫ বছর পূর্তি উৎসবে আন্তর্জাতিক ব্যক্তিত্বদের মধ্যে উপস্থিত ছিলেন- আলজেরিয়ার ডেপুটি স্পিকার ইউসুফ আজিচ্ছা, মালদ্বীপের শিক্ষামন্ত্রী ড. আব্দুল্লাহ রাশেদ আহমেদ, ওমান পার্লামেন্টের সদস্য সাইয়্যেদ মাহমুদ সাইয়্যেদ আল সানানি, আম্মান বোর্ড অব ডিরেক্টর্সের চেয়ারম্যান আনোয়ার হামাদ আল সান-ানি, প্রতিনিধি, মিশরের রিলিজিয়াস এফেয়ার্স নূর আল দীন মুহাম্মদ আব্দুল ওয়ারিস, আন্তর্জাতিক ইসলামিক এফেয়ার্স প্রফেসর ড. আকরাম নদভী, সৌদি আরবের সাবেক প্রতিমন্ত্রী ইসলামিক এফেয়ার্স ড. আহমেদ আব্দুল্লাহ সুরুর আল সাব্বান, সৌদি আরবের এডুকেশন বিভাগের ডিরেক্টর ড. আব্দুল আজিজ আল ফালেহ, সৌদি আরবের উম্মুল কুরা ইউনিভার্সিটির সাবেক অধ্যাপক প্রফেসর ড. আহমেদ আল বান্নানি, তুরস্কের এডুরেস একাডেমির চেয়ারম্যান প্রফেসর ড. ইয়াকুব সিভিলেক, চেয়ারম্যান এবং নেপালের সাবেক পররাষ্ট্রমন্ত্রী মি. রেজওয়ান আনসারী। এছাড়া, আইআইইউসির উপাচার্য অধ্যাপক আনোয়ারুল আজিম আরিফ, বোর্ড অব ট্রাস্টিজের ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দীন মুহাম্মদ, উপ-উপাচার্য প্রফেসর ড. মাসরুরুল মওলা, ট্রেজারার প্রফেসর ড. হুমায়ুন কবীর, কন্ট্রোলার অব এক্সাম প্রফেসর ড. গিয়াস উদ্দিন হাফিজসহ বোর্ড অব ট্রাস্টিজের সকল সদস্যবৃন্দ, দেশের খ্যাতিমান শিক্ষাবিদ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা, বিশ্ববিদ্যালয়ের এলামনি-সহ প্রায় দেড় হাজার মেহমান অনুষ্ঠানে যোগ দিয়েছেন।

Ref: Dainik Purbokone, Date: 30 October 2022, Page: 8, Col: 5
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2022-10-30

চট্টগ্রাম • রোববার • ৩০ অক্টোবর ২০২২ • ১৪ কার্তিক ১৪২৯ • ৩ রবিউস সানি ১৪৪৪ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ১৯ সংখ্যা ৭৪

রূপান্তর নবযাত্রা ৩৩

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৪ ‘চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল চিকিৎসাসেবায় আস্থার প্রতীক’

৫ মাটিরাঙায় জুমফসলের জমজমাট হাট

৬ জিম্বাবুয়ে অধিনায়কের চোখে বাংলাদেশ মানসম্মত দল



**‘আমি শাকিবকে ছোট করে কথা বলিনি’**

বুবলীর সঙ্গে প্রেম-বিয়ে ও ছেলে শেহজাদ খান বীর প্রসঙ্গে সম্প্রতি গণমাধ্যমের সঙ্গে খোলামেলা কথা বলেছেন ঢাকাই সিনেমার শীর্ষ নায়ক শাকিব খান।

বিস্তারিত ▶ পৃষ্ঠা ৬



আইআইইউসি'র ২৫ বছর পূর্তি উৎসব উদ্বোধন করছেন অতিথিবৃন্দ

### আইআইইউসি'র ২৫ বছর পূর্তি উৎসব

# আগামীর বিশ্বকে নেতৃত্ব দেওয়ার প্রত্যয়

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর ২৫ বছর পূর্তি উৎসব এবং বোর্ড অব ট্রাস্টিজের ১১তম সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সকালে আইআইইউসি'র সেন্ট্রাল অডিটরিয়ামে এই আয়োজন করা হয়।

অনুষ্ঠানে বিশ্বের বিভিন্ন দেশের মন্ত্রী, কূটনীতিক, উচ্চপদস্থ সরকারী কর্মকর্তা, স্বনামধন্য স্কলার, গবেষক, উন্নয়ন ও দাতা সংস্থার প্রধান, দেশের সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের উচ্চপদস্থ ব্যক্তিবর্গ, রাজনৈতিক-সামাজিক নেতৃবৃন্দ যোগ দেন।

আইআইইউসি'র ২৫ বছর পুর্তি উৎসব আন্তর্জাতিক ব্যক্তিত্বদের মধ্যে উপস্থিত ছিলেন যথাক্রমে আইআইইউসি'র জেনারেল অ্যাসেম্বেলির সভাপতি ও মিশরের ইসলামিক কাউন্সিল ফর দাওয়াহ অ্যান্ড রিলিফের জেনারেল সেক্রেটারি প্রফেসর ড. আব্দুল্লাহ আব্দুল আজিজ আল-মুসলিহ্, আলজেরিয়া'র ডিপুটি স্পিকার ইউসুফ আজিচ্ছা, মালদ্বীপের শিক্ষামন্ত্রী ড. আব্দুল্লাহ রাশেদ আহমেদ, সোমালিয়া'র ডেপুটি এডুকেশন মিনিস্টার ইঞ্জিনিয়ার আব্দি ফাতাহ ইসাক মোহাম্মদ, কুয়েতের ইন্টারন্যাশনাল ইসলামিক চ্যারিটেবল অর্গানাইজেশন (আইআইসিও) ডিরেক্টর জেনারেল ইঞ্জিনিয়ার বদর সৌদ আল সুমাইত, প্রতিনিধি, মিশরের রিলিজিয়াস অ্যাফেয়ার্স নূর আল দীন মুহাম্মদ আব্দুল ওয়ারিস, আন্তর্জাতিক ইসলামিক অ্যাফেয়ার্স প্রফেসর ড. আকরাম নদভী, সৌদি আরবের সাবেক প্রতিমন্ত্রী ইসলামিক অ্যাফেয়ার্স মহামান্য ড. আহমেদ আব্দুল্লাহ সুরুর আল সাব্বান, সৌদি আরবের এডুকেশন বিভাগের ডিরেক্টর ড. আব্দুল আজিজ আল ফালেহ, মিশরের সাবেক মন্ত্রী প্রফেসর ড. সামী মুহাম্মদ আস শরীফ, সৌদি আরবের উম্মুল কুরা ইউনিভার্সিটির সাবেক অধ্যাপক প্রফেসর ড. আহমেদ আল বান্নানি, তুরস্কের এডুরেস একাডেমির চেয়ারম্যান প্রফেসর ড. ইয়াকুব সিভিলেক, চেয়ারম্যান এবং নেপালের সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী মি. রেজওয়ান আনসারী।

একই দিন সন্ধ্যা ৭ টায় আইআইইউসির বোর্ড অব ট্রাস্টিজের ১১তম সাধারণ সভার প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয় হোটেল রেডিসন ব্লু-তে। এতে সভাপতিত্ব করেন বোর্ড অব ট্রাস্টিজের জেনারেল এসেম্বিলির সভাপতি ও মিশরের ইসলামিক কাউন্সিল ফর দাওয়াহ অ্যান্ড রিলিফ প্রফেসর ড. আব্দুল্লাহ আব্দুল আজিজ আল-মুসলিহ্।

৩০ অক্টোবর গলফ ক্লাবে সাধারণ সভার দ্বিতীয় অধিবেশন অনুষ্ঠিত হবে। আইআইইউসির উপাচার্য অধ্যাপক আনোয়ারুল আজিম আরিফ, বোর্ড অব ট্রাস্টিজের ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দীন মুহাম্মদ, উপ-উপাচার্য প্রফেসর ড. মাসরুরুল মওলা প্রমুখ। বিজ্ঞপ্তি

Ref: Suprobhat, Date: 30 October 2022, Page: 4, Col: 5
https://esuprobhat.com/index.php?page=1&date=2022-10-30

**আইআইইউসির উৎসবে আরববিশ্বের অর্ধশত অতিথি, নদভীর নেতৃত্বে জমকালো আয়োজন**







অনুষ্ঠানে বিশ্বের বিভিন্ন দেশের মন্ত্রী, কূটনীতিক, উচ্চপদস্থ সরকারি কর্মকর্তা, স্বনামধন্য স্কলার, গবেষক, উন্নয়ন ও দাতা সংস্থার প্রধান, দেশের সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের উচ্চপদস্থ ব্যক্তিবর্গ, রাজনৈতিক-সামাজিক নেতৃবৃন্দ যোগদান করেন।

অনুষ্ঠানে আন্তর্জাতিক ব্যক্তিত্বদের মধ্যে উপস্থিত ছিলেন আইআইইউসির জেনারেল অ্যাসেম্বেলির সভাপতি ও মিশরের ইসলামিক কাউন্সিল ফর দাওয়াহ অ্যান্ড রিলিফের জেনারেল সেক্রেটারি প্রফেসর ড. আব্দুল্লাহ আব্দুল আজিজ আল-মুসলিহ্, আলজেরিয়ার ডেপুটি স্পিকার ইউসুফ আজিচ্ছা, মালদ্বীপের শিক্ষামন্ত্রী ড. আব্দুল্লাহ রাশেদ আহমেদ, সোমালিয়ার ডেপুটি এডুকেশন মিনিস্টার ইঞ্জিনিয়ার আব্দি ফাতাহ ইসাক মোহাম্মদ, কুয়েতের ইন্টারন্যাশনাল ইসলামিক

চ্যারিটেবল অর্গানাইজেশন (আইআইসিও) ডিরেক্টর জেনারেল ইঞ্জিনিয়ার বদর সৌদ আল সুমাইত, মিশরের রিলিজিয়াস অ্যাফেয়ার্স নূর আল দীন মুহাম্মদ আব্দুল ওয়ারিস, আন্তর্জাতিক ইসলামিক অ্যাফেয়ার্স প্রফেসর ড. আকরাম নদভী, সৌদি আরবের সাবেক প্রতিমন্ত্রী ইসলামিক অ্যাফেয়ার্স ড. আহমেদ আব্দুল্লাহ সুরুর আল সাব্বান, সৌদি আরবের এডুকেশন বিভাগের ডিরেক্টর ড. আব্দুল আজিজ আল ফালেহ, মিশরের সাবেক মন্ত্রী প্রফেসর ড. সামী মুহাম্মদ আস শরীফ, সৌদি আরবের উম্মুল কুরা ইউনিভার্সিটির সাবেক অধ্যাপক প্রফেসর ড. আহমেদ আল বান্নানি, তুরস্কের এডুরেস একাডেমির চেয়ারম্যান প্রফেসর ড. ইয়াকুব সিভিলেক এবং নেপালের সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী মি. রেজওয়ান আনসারীসহ আরব বিশ্বের প্রায় অর্ধশত অতিথি।

অনুষ্ঠানের শুরুতে আইআইইউসির বোর্ড অব ট্রাস্ট্রিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি সবাইকে স্বাগত জানিয়ে বলেন,“আইআইইউইসির ইতিহাসে অন্যতম সেরা আয়োজন হচ্ছে ২৫ বছর পূর্তি উৎসব। আইআইইউসিতে বহু বছর যাবৎ এই ধরনের অনুষ্ঠান হয়নি। আলহামদুলিল্লাহ, এই অনুষ্ঠানে যোগ দিতে বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বহু মন্ত্রী, সচিব, শিক্ষাবিদ ও সমাজসেবকগণ আইআইইউসিতে এসে আমাদের ধন্য করেছেন। আইআইইউইসির প্রতি তাদের ভালোবাসা দেখে আমরা অভিভূত। আইআইইউইসি বাংলাদেশের অন্যতম সেরা বেসরকারি বিশ্ববিদ্যালয়। বিশ্ব র‌্যাংকিংয়েও এই বিশ্ববিদ্যালয় সামনের দিকে এগিয়েছে। এখানকার শিক্ষকদের গবেষণাপত্র বিশ্বখ্যাত জার্নালগুলোতে স্থান পাচ্ছে।”

বক্তব্যে তিনি আরও বলেন,“চট্টগ্রামকে বলা হয় ইসলামের প্রবেশদ্বার। এদেশে ইসলামের আগমন ঘটেছে আরবদের মাধ্যমে। চট্টগ্রামে একটি ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার স্বপ্ন ছিল দীর্ঘ দিনের। আল্লাহর ইচ্ছায় আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম প্রতিষ্ঠার মাধ্যমে আমাদের সেই স্বপ্ন পূরণ হয়েছে। সরকারী অনুমোদন নিয়ে ১৯৯৫ সালে ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম প্রতিষ্ঠিত হয়। প্রথমে মাত্র ৩টি বিভাগ নিয়ে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম শুরু হলেও মহান আল্লাহর প্রশংসা ও অনুগ্রহ এটি এখন দেশের প্রথম সারির বৃহত্তম বেসরকারি বিশ্ববিদ্যালয়। আইআইইউসির দেশী-বিদেশী শিক্ষার্থী, শিক্ষকরা সকল মহলের গ্রহণযোগ্যতা পেয়েছে। বিশেষ করে মুসলিম সংখ্যালঘুসহ প্রতিবেশী দেশগুলি থেকে ছাত্র-ছাত্রীরা এখানে পড়তে আসে। বর্তমানে এখানে শরিয়াহ্ ও আধুনিক বিজ্ঞান অনুষদসহ ৬টি অনুষদের অধীনে ১৪টি বিভাগে রয়েছে। ১৭ হাজারের অধিক শিক্ষার্থী দুটি পৃথক ক্যাম্পাসে অধ্যয়ন করা এই বিশ্ববিদ্যালয়ে ৫০০ জনেরও বেশি শিক্ষকমণ্ডলী, কর্মকর্তা ও কর্মচারী রয়েছেন।”

তিনি জানান,“এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠাকাল থেকে আরব দেশগুলোর অকুন্ঠ সমর্থন ও সাহায্য পেয়ে এসেছে। দেশ-বিদেশের অনেক সাহায্য সংস্থা, ব্যক্তিবর্গ আইআইইউইসিকে সহযোগিতা করেছেন। এরমধ্যে আন্তর্জাতিক ইসলামিক দাতব্য সংস্থার প্রাক্তন সভাপতি শায়খ ইউসুফ জাসেম আল-হাজ্জি (র.), শেখ আবদুল্লাহ আলী আল-মুতাওয়া ও ওয়ার্ল্ড অ্যাসেম্বলি অব ইসলামিক ইয়ুথের প্রাক্তন মহাসচিব বিশিষ্ট শায়খ ড. মানি্ হাম্মাদ আল-জুহানি। বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের প্রতি বিশেষ নজর দিয়েছেন। অত্র বিশ্ববিদ্যালয়ের যত সমস্যা ছিল তা তিনি দূর করে দিয়েছেন। তিনি বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের জন্য শাটল ট্রেন ও ক্যাম্পাসে ট্রেন স্টেশন চালু করার অনুমোদন দিয়েছেন। ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক থেকে বিশ্ববিদ্যালয় প্রশাসনিক ভবন পর্যন্ত রাস্তা পাকাকরণ হয়েছে। বিশ্ববিদ্যালয় মধ্যে ছোট ছোট নালাগুলোকে লেকে পরিণত করে সৌন্দর্য্য বর্ধনের প্রকল্পও অনুমোদন করা হয়েছে। আমরা আমাদের দেশী বিদেশী সকল বন্ধুদের নিয়ে এই বিশ্ববিদ্যায়কে আরও সামনের দিকে এগিয়ে নিতে চাই। যাতে এই বিশ্ববিদ্যালয় আগামী বিশ্বের নেতৃত্ব দিতে পারে। এজন্য আপনাদের আন্তরিক সহযোগিতা কামনা করছি।”

অনুষ্ঠানে সৌদি আরব, কুয়েত, কাতার, ওমান, তুরস্ক, মিশর, ভারত, যুক্তরাজ্য, আমেরিকা, ফ্রান্সসহ বিভিন্ন দেশের প্রায় ৫০ জন সচিব, মন্ত্রী, উপমন্ত্রী, স্পিকার, সরকারী-বেসরকারী উচ্চ পদস্থ কর্মকর্তা যোগদান করেন।

আইআইইউসির ২৫ বছর পূর্তি উৎসব মোট দুই দিনে সম্পন্ন হচ্ছে। প্রথম দিন সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত পূর্তি উৎসব অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সন্ধ্যা ৭টায় আইআইইউসির বোর্ড অব ট্রাস্টিজের ১১তম সাধারণ সভার প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয় হোটেল রেডিসন ব্লুতে। এতে সভাপতিত্ব করেন বোর্ড অব ট্রাস্টিজের জেনারেল এসেম্বিলির সভাপতি ও মিশরের ইসলামিক

কাউন্সিল ফর দাওয়াহ অ্যান্ড রিলিফ প্রফেসর ড. আব্দুল্লাহ আব্দুল আজিজ আল-মুসলিহ্। রোববার চট্টগ্রামের ভাটিয়ারি গলফ ক্লাবে সাধারণ সভার দ্বিতীয় অধিবেশন অনুষ্ঠিত হবে।

অনুষ্ঠানে বোর্ড অব ট্রাস্টিজের জেনারেল এসেম্বলির সভাপতি প্রফেসর ড. আব্দুল্লাহ আব্দুল আজিজ আল-মুসলিহ্ বলেন,ওআল্লাহতায়ালা এই বিশ্ববিদ্যায়কে কবুল করুন। এই বিশ্ববিদ্যালয়কে সামনে এগিয়ে নেওয়ার জন্য বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নদভী এমপিসহ অন্যান্য যারা কাজ করছেন আল্লাহ তায়ালা সবাইকে উত্তম প্রতিদান দিনঃ

আলজেরিয়ার ডেপুটি স্পিকার ইউসুফ আজিচ্ছা বলেন,ওবিশ্ববিদ্যালয়ের ২৫তম পূর্তি উৎসব পালন করতে পারা সত্যিকার অর্থে একটি আনন্দের বিষয়। আমি সুদূর আলজেরিয়া থেকে এই আনন্দে শরিক হতে এসেছি। আমাকে এই অনুষ্ঠানে দাওয়াত দেওয়া ও রোহিঙ্গা শরণার্থীদের জন্য কাজ করার সুযোগ করে দেওয়ার জন্য আমি প্রফেসর ড. আবু রেজা নদভীকে ধন্যবাদ জানাইঃ

এই অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন আইআইইউসির উপাচার্য অধ্যাপক আনোয়ারুল আজিম আরিফ, বোর্ড অব ট্রাস্টিজের ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দীন মুহাম্মদ, উপ-উপাচার্য প্রফেসর ড. মাসরুরুল মওলা, ট্রেজারার প্রফেসর ড. হুমায়ুন কবীর, কন্ট্রোলার অব এক্সাম প্রফেসর ড. গিয়াস উদ্দিন হাফিজসহ বোর্ড অব ট্রাস্টিজের সকল সদস্য।

এদিকে আইআইইউসির ২৫ বছর পুর্তিতে বিশ্ববিদ্যালয় গড়ার পেছনে যারা অবদান রেখেছেন তাদেরকে সম্মাননা স্বরূপ গোল্ডেন ক্রেস্ট তুলে দেওয়া হয়। বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা নদভী এমপি ও ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দীন মুহাম্মদকে এ সম্মাননা ক্রেস্ট তুলে দেন প্রফেসর বোর্ড অব ট্রাস্টিজের জেনারেল অ্যাসেম্বলির সভাপতি প্রফেসর ড. আব্দুল্লাহ আব্দুল আজিজ আল-মুসলিহ্।

তিনি ক্রেস্ট তুলে দিতে গিয়ে বলেন,ওআইআইইউসিতে এই দুজন হলেন মূল স্তম্ভ। এ দুইজনের হাত ধরে আইআইইউসি বর্তমান অবস্থানে পৌঁছাতে পেরেছে। আমি তাদের হাতকে শক্তিশালী করতে সব সময় পাশে থাকতে চেষ্টা করেছিঃ

অনুষ্ঠানের আন্তর্জাতিক ক্বারী হাফেজ নাজমুস সাকিব, হাফেজ যাকারিয়া, হাফেজ সালেহ আহমাদ তাকরিমকে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে বিশেষ সম্মাননা ক্রেস্ট ও পুরস্কার তুলে দেওয়া হয়।

অনুষ্ঠানে অন্যান্য অতিথিদের মধ্যে বক্তব্য প্রদান করেন ইসলামিক স্কলার শায়খ আকরাম নদভী, কসোভোর রাষ্ট্রদূত প্রফেসর ড. বকর ইসমাঈল, আইআইইউসির সাবেক ছাত্র সোমালিয়ার শিক্ষা উপমন্ত্রী আব্দে ফাতেহ ইশক মুহাম্মদ, ইন্টারন্যাশনাল ইসলামিক চ্যারিটেবল অর্গানাইজেশনের ডিরেক্টর জেনারেল ইঞ্জিনিয়ার বাদের সৌদ আস সুমাইত, মিশরের সাবেক শিক্ষামন্ত্রী ড. সামী মোহাম্মদ আল শরীফ, কিং আব্দুল আজিজ ইউনিভার্সিটির গ্রাজুয়েট স্টাডিজের ডিন প্রফেসর সউদ সুলামী এবং অন্যান্য
নেতৃবৃন্দ।

Ref: Chittagong Protidin, Date 30 October 2022, Page:

https://ctgpratidin.com/%e0%a6%86%e0%a6%87%e0%a6%86%e0%a6%87%e0%a6%87%e0%a6%89%e0%a6%b8%e0%a6%bf%e0%a6%b0-%e0%a6%89%e0%a7%8e%e0%a6%b8%e0%a6%ac%e0%a7%87-%e0%a6%86%e0%a6%b0%e0%a6%ac%e0%a6%ac%e0%a6%bf%e0%a6%b6%e0%a7%8d%e0%a6%ac/

# আইআইইউসিতে নদভীর নেতৃত্বে তরান্বিত একাডেমিক পরিবেশ, আরববিশ্বের সন্তোষ প্রকাশ




আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভীর গতিশীল নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক পরিবেশ ও অবকাঠামো উন্নয়ন তরান্বিত হয়েছে বলে মন্তব্য করেছেন আরববিশ্বের প্রতিনিধিরা।

প্রতিষ্ঠানটির ১১তম দ্বিবার্ষিক সাধারণ সভায় উপস্থিত আরববিশ্বের বিভিন্ন রাষ্ট্র থেকে অংশ নেওয়া অতিথিরা এ মন্তব্য করেন।

রোববার (৩০ অক্টোবর) চট্টগ্রামের ভাটিয়ারী গলফ ক্লাব অডিটোরিয়ামে সভার সমাপনী অধিবেশন সম্পন্ন হয়।

এর আগে গত শনিবার (২৯ অক্টোবর) রাতে হোটেল রেডিসন ব্লুতে সাধারণ সভার প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয়।

১১তম দ্বিবার্ষিক সভায় সভাপতিত্ব করেন মিশরের ইসলামিক কাউন্সিল ফর দাওয়াহ অ্যান্ড রিলিফের জেনারেল সেক্রেটারি ও আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের জেনারেল এসেম্বলির প্রেসিডেন্ট প্রফেসর ড. আব্দুল্লাহ আব্দুল আজিজ আল-মুসলিহ।

এতে অংশ নেন আইআইইউসির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি, ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দীন মুহাম্মদ, উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমেদ, বোর্ড অব ট্রাস্টের সদস্য রিজিয়া রেজা চৌধুরী, মিডিয়া প্রেস পাবলিকেশন্স এন্ড এডভারটাইজমেন্ট কমিটির চেয়ারম্যান খালেদ মাহমুদ, উপ উপাচার্য প্রফেসর ড. মছরুরুল মওলা, ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির, কন্ট্রোলার অব এক্সাম প্রফেসর ড. গিয়াস উদ্দিন হাফিজ, রেজিস্ট্রার এ.এফ.এম আখতারুজ্জামান কায়সার প্রমুখ।

বিদেশী সদস্যদের মধ্যে সাধারণ সভায় উপস্থিত ছিলেন আলজেরিয়ার ডেপুটি স্পিকার ইউসুফ আজিচ্ছা, সোমালিয়ার ডেপুটি এডুকেশন মিনিস্টার ইঞ্জিনিয়ার আব্দি ফাতাহ ইসাক মোহাম্মদ, মালদ্বীপের শিক্ষামন্ত্রী ড. আব্দুল্লাহ রাশেদ আহমেদ, কুয়েতের ইন্টারন্যাশনাল ইসলামিক চ্যারিটেবল অর্গানাইজেশনের (আইআইসিও) ডিরেক্টার জেনারেল ইঞ্জিনিয়ার বদর সৌদ আল সুমাইত, মিশরের রিলিজিয়াস অ্যাফেয়ার্স রিপ্রেজেনটেটিভ নুর আল দীন মুহাম্মদ আব্দুল ওয়ারিস, সৌদি আরবের সাবেক ইসলামিক অ্যাফেয়ার্স প্রতিমন্ত্রী ড. আহমেদ আব্দুল্লাহ সুরুর আল সাব্বান, ইসলামিক স্কলার প্রফেসর ড. আকরাম নদভী, ওয়ার্ল্ড এসেম্বলি অব মুসলিম ইয়থের এডুকেশন বিভাগের ডিরেক্টর ড. আব্দুল আজিজ আল ফালেহ, মিশরের সাবেক মন্ত্রী প্রফেসর ড. সামী মুহাম্মদ আস শরীফ, সৌদি আরবের উম্মুল কুরা ইউনিভার্সিটির প্রফেসর ড. আহমেদ আল বান্নানি, তুরস্কের এডুরেস একাডেমির চেয়ারম্যান প্রফেসর ড. ইয়াকুব সিভিলেক, নেপালের সাবেক পররাষ্ট্র মন্ত্রী রেজওয়ান আনসার।

সাধারণ সভায় বিশ্ববিদ্যালয়ের বার্ষিক আয় ব্যয়ের অডিট রিপোর্ট, বিশ্ববিদ্যালয়ের বিগত দিনের অর্জন, ভবিষৎ পরিকল্পনা সমূহ পেশ করা হয়।

সভায় অংশগ্রহণকারী আরববিশ্বের প্রতিনিধিরা বলেন,আইআইইউসির বিগত দিনের চেয়ে এখন অনেক শক্তিশালী। বোর্ড অব ট্রাস্টিজের বর্তমান চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপির গতিশীল নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক পরিবেশ ও অবকাঠামো উন্নয়ন তরান্বিত হয়েছে।

**Ref: Chittagong Protidin, Date 30 October 2022, Page:**